



● বন্যার পানি নেমে গেলে বিনা চাষে গিমাকলমি, লালশাক, ডাঁটা, পালং, পুঁই, ধনে, আলু, ভুট্টা, সরিষা, মাসকালাই, খেসারী, মটর, রসুন, তুলা প্রভৃতির আবাদ করুন।

● বাড়ির ছাদে ও আঙিনায়, টব, মাটির চাড়ি, কাঠের বাক্স, কাটা ড্রাম, পুরনো টিন, পলি ব্যাগ, প্রাস্টিক কন্টেইনার, কলার ভেলায় ফুলকপি, বাঁধাকপি, টম্যাটো, বেগুন, লাউ, মরিচের চারা উৎপাদন করুন এবং সময় বুঝে মূল জমিতে রোপণ করুন। বাঁধের ধারে বা কচুরিপানার স্তূপের উপর পরিমান মত মাটি দিয়ে লাউ ও শিমের বীজ রোপণ করুন।

● আংশিক ক্ষতিগ্রস্ত শাকসবজি ও অন্যান্য ফসলী জমির রস কমানোর জন্য মাটি আলাগা করে ছাই মিশিয়ে দিন এবং সামান্য ইউরিয়া ও পটাশ সার প্রয়োগ করুন।

● বন্যা পরবর্তী মৌসুমে বীজের সংকট মোকাবেলার জন্য সংরক্ষিত বীজ রোদে ভালোভাবে শুকিয়ে ছায়ায় ঠান্ডা করে পুনরায় সংরক্ষণ করুন।

● রোপিত বনজ, ভেষজ ও ফলের চারার গোড়ায় জমে থাকা পানি নিকাশের জন্য নালা করার ব্যবস্থা নিন। প্রয়োজনে গোড়ায় মাটি দিয়ে চারা সোজা করে খুঁটির সাথে বেঁধে দিন। গোড়ার মাটি শুকালে পরিমানমত সার দিন।

● চরাঞ্চলসহ অন্যান্য উপযুক্ত এলাকায় মিষ্টিআলু, তরমুজ, বাঙ্গি, চিনাবাদাম, মরিচসহ বিভিন্ন ফসল চাষ করুন।

বিস্তারিত পরামর্শের জন্য নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস বা উপ-সহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।



কৃষি তথ্য সার্ভিস  
কৃষি মন্ত্রণালয়